

স্মার্ট স্কুলবাস সার্ভিস চালু করল ডিএনসিসি

মাসিক ভাড়া ৮০০-১২০০ টাকা

নিজস্ব প্রতিবেদক

০৮ জুলাই ২০২৪, ১২:০০ এএম



Focus Bangla News

রাজধানীর বনানী বিদ্যা নিকেতন স্কুল অ্যাড কলেজে গতকাল ডিএনসিসি স্মার্ট স্কুলবাস সার্ভিসের উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।
এ সময় উপস্থিত ছিলেন ডিএনসিসি মেয়র মো. আতিকুল ইসলাম -ফোকাস বাংলা

প্রতিশ্রুতি অনুযায়ী ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) এলাকায় স্কুলবাস সার্ভিস চালু করেছে নগর কর্তৃপক্ষ। পরীক্ষামূলকভাবে বনানী বিদ্যা নিকেতন স্কুল অ্যাড কলেজে তিনটি বাস দিয়ে এ কার্যক্রম শুরু করল ডিএনসিসি। শিক্ষার্থীদের ভাড়া প্রতি কিলোমিটার হিসেবে নির্ধারণ করা হচ্ছে। ভাড়ার পরিমাণ মাসিক ৮০০ টাকা থেকে ১২০০ টাকা পর্যন্ত হতে পারে। গতকাল বুধবার? দুপুরে এ সার্ভিসের শুভ উদ্বোধন করেন ডিএনসিসি মেয়র মো. আতিকুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী।

মেয়র আতিকুল বলেন, স্মার্ট স্কুলবাসগুলোয় সিসি ক্যামেরাসহ আধুনিক প্রযুক্তি ব্যবহার করে বাচ্চাদের নিরাপত্তা নিশ্চিত করা হচ্ছে। অ্যাপসের মাধ্যমে ট্র্যাকিং ব্যবস্থাও থাকবে। একটি হটলাইন নম্বরের মাধ্যমে অভিভাবকরা সার্বক্ষণিক যোগাযোগ করতে পারবেন। প্রতিটি বাসে নিবেদিত ট্রিপ ম্যানেজার থাকবে।

বাস সার্ভিসটি শুধু স্কুলভিত্তিক না করে, নির্দিষ্ট রুটে পরিচালনার অনুরোধ জানান শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তিনি বলেন, প্রত্যেকটি বিদ্যালয়ে বাস দেওয়া কর্তৃ সম্বৰ হবে জানি না। তবে বাস শেয়ারিংটা যেন হয়, সেদিকে অবশ্যই খেয়াল রাখতে হবে।

বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজে চালু হওয়া স্কুলবাস সার্ভিস সম্পর্কে জানানো হয়- জবা, গোলাপ ও টগর- এই তিনটি ফুলের নামে তিনটি রুটে চলবে এ স্কুলবাস। রুট-১ : কুড়িল বিশ্বরোড (পুলিশ বক্সের কাছে)-কুড়িল চৌরাস্তা বসুন্ধরা গেট নর্দা কোকাকোলা নতুনবাজার (ভাটারা থানাসংলগ্ন) নতুনবাজার (ইউএস এস্মাসির পূর্ব পাশের ঢাকা ঢাকা বাসস্ট্যান্ড)-বনানী বিদ্যানিকেতন। রুট ২ : ১০০ ফিট রাস্তায় বসুন্ধরা গেট (২নং ব্রিজসংলগ্ন) ফ্যামিলি বাজার ছোলমাইদ/সাঙ্গদনগর নতুনবাজার বাঁশতলা শাহজাদপুর নতুনবাজার (ইউএস এস্মাসির পূর্ব পাশের ঢাকা বাসস্ট্যান্ড) বনানী বিদ্যানিকেতন। রুট ৩ : সুবাস্তু/উত্তরবাড়া (থানা রোড) হোসেন মার্কেট লিংক রোড গুদারাঘাট গুলশান-০১ টিবিগেট ওয়ারলেস গেট আমতলী (জলখাবার) বনানী বিদ্যানিকেতন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য শবনম জাহান শিলা, হাচিনা বারী চৌধুরী ও খালেদা বাহার বিউটি, বাংলাদেশ সড়ক পরিবহন করপোরেশনের চেয়ারম্যান মো. তাজুল ইসলাম এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার হাবিবুর রহমান। অন্যদের সঙ্গে আরও উপস্থিত ছিলেন ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মীর খায়রুল আলম, ডিএনসিসির ১৯নং ওয়ার্ড কাউণ্সিলর ও বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা পর্যবেক্ষণ সভাপতি মোহাম্মদ মফিজুর রহমান প্রমুখ।